**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date : 20.05.2026** **Desk in Charge : Kalyan Laha**

**Time: 1-30 PM** **Edit &Compile : Rakim B./ Chandrachur S.**

**DEO : KB** **NRT : Rakim B.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ–

১/ ভারত ও ইতালির কৌশলগত সম্পর্ক জোরদার করার বিষয়ে দু'দেশের প্রধানমন্ত্রী আজ দ্বিপাক্ষিক আলোচনায় বসছেন।

#ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপ অর্থনৈতিক করিডোর নিয়ে আলোচনা করতে ইতালির রাষ্ট্রপতি সার্জিও মাতারেল্লার সঙ্গে কথা বলবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

২/ ভারত ও দক্ষিণ কোরিয়া আজ প্রতিরক্ষা ক্ষেত্রে সাইবার সহযোগিতা প্রসার সংক্রান্ত চুক্তি বিনিময় করেছে।

৩/ পাঞ্জাব পুলিশ আজ দুবাই-ভিত্তিক একটি আন্তর্জাতিক মাদক চোরাচালান চক্র ভেঙে দিয়েছে। দু'জন গ্রেফতার।

৪/ ইরান সংঘাতের মধ্যেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আসন্ন জি-7 সম্মেলনে যোগ দেবেন বলে ঘোষণা করেছেন।

৫/ নাইজেরিয়া ও মার্কিন যুক্তরাষ্ট্রের যৌথ বিমান হামলায় ইসলামিক স্টেটের ১৭৫ জন সন্ত্রাসবাদী নিহত।

৬/ ফুটবলে মহিলাদের সাফ চ্যাম্পিয়নশিপ ২০২৬-এর প্রাথমিক দল ঘোষণা করা হয়েছে।

*************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, তিনি আজ ইতালীর প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনির সঙ্গে বৈঠকের জন্য উন্মুখ হয়ে আছেন। ভারত-ইতালি কৌশলগত সম্পর্ক জোরদার করার বিষয়ে তাঁরা আলাপ-আলোচনা করবেন। সমাজমাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন, রোমে অবতরণের পর তিনি প্রধানমন্ত্রী মেলোনির সঙ্গে নৈশভোজে মিলিত হন। ঐতিহাসিক কলোসিয়াম পরিদর্শন করেন তাঁরা। তিনি বলেন, উভয় নেতা বিভিন্ন বিষয়ে নিজেদের দৃষ্টিভঙ্গি বিনিময় করেছেন। আজকের আলোচনায় ভারত-ইতালি বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও শক্তিশালী করার বিষয়ে আলোচনা চলবে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।
প্রধানমন্ত্রী পরে ইতালির রাষ্ট্রপতি সার্জিও মাতারেল্লার সঙ্গে আলাপচারিতায় মিলিত হবেন। ভারত-ইতালি দ্বিপাক্ষিক সহযোগিতা বাড়ানোর বিষয়ে তাঁরা কথা বলবেন। ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপ অর্থনৈতিক করিডোর- IMEC-এর বিষয়টিও তাঁদের আলোচনায় উঠে আসবে। যৌথ কৌশলগত কর্ম পরিকল্পনা ২০২৫-২০২৯-ও পর্যালোচনা করা হবে। শ্রী মোদী এরপর খাদ্য ও কৃষি সংগঠন – FAO-এর সদর দফতরও পরিদর্শন করবেন, যা বহুপাক্ষিকতা এবং আন্তর্জাতিক স্তরে খাদ্য সুরক্ষার প্রতি ভারতের অঙ্গীকারকে আরও শক্তিশালী করবে।

******************************

ভারত-ইতালি সম্পর্ক সাম্প্রতিককালে অভূতপূর্ব ভাবে বিকশিত হয়ে এক চূড়ান্ত ও নির্ণায়ক পর্যায়ে পৌঁছেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ইতালীর প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি যৌথভাবে এক প্রতিবেদনে বলেছেন, দুই দেশের সম্পর্ক কেবল সৌহার্দ্যপূর্ণ বন্ধুত্বের মধ্যেই সীমাবদ্ধ নেই, বরং এক বিশেষ কৌশলগত অংশীদারিত্বে রূপান্তরিত হয়েছে। এই সম্পর্ক স্বাধীনতা, গণতন্ত্রের মূল্যবোধ এবং ভবিষ্যতের এক যৌথ ভাবনার ওপর ভিত্তি করে গড়ে উঠেছে। দুই নেতা উল্লেখ করেন, উভয় দেশের অর্থনৈতিক গতি, সামাজিক সৃজনশীলতা এবং শতাব্দী প্রাচীন সভ্যতার প্রজ্ঞার মেলবন্ধনে এই অংশীদারিত্ব এখন এক নতুন মাত্রা পাচ্ছে। উভয় নেতা বলেন, ভারত এবং ইউরোপীয় ইউনিয়নের মধ্যে প্রস্তাবিত মুক্ত বাণিজ্য চুক্তি দুই পক্ষের মধ্যে বৃহত্তর বাণিজ্য ও বিনিয়োগের পথ সুগম করবে।

প্রতিরক্ষা, মহাকাশ, পরিবেশবান্ধব প্রযুক্তি, মোটরগাড়ির যন্ত্রাংশ, ওষুধ পত্র, সহ বেশ কিছু ক্ষেত্রে ২০২৯ সালের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যে ২০ হাজার ইউরোর লক্ষ্যমাত্রা অর্জন করার ব্যাপারে দৃঢ় আত্মবিশ্বাস প্রকাশ করেন তাঁরা।

*******************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ইতালির চিত্রশিল্পী জিয়ামপাওলো তোমাসেত্তিকে ভারতীয় সংস্কৃতির প্রতি তাঁর অনুরাগের জন্য প্রশংসা করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী জানান, তাঁর রোম সফরের সময় শিল্পী বারাণসীকে কেন্দ্র করে আসাধারণ শিল্পকর্ম উপস্থাপন করেছেন। প্রধানমন্ত্রী বলেন , ভারতীয় সংস্কৃতির প্রতি তোমাসেত্তির অনুরাগ চার দশকেরও বেশি সময় ধরে বিস্তৃত। তিনি জানান, ১৯৮০-র দশকে এই ইতালীয় শিল্পী বৈদিক সংস্কৃতির বইয়ের অলঙ্করণ দিয়ে তাঁর যাত্রা শুরু করেছিলেন। প্রধানমন্ত্রী আরও বলেন, ২০০৮ থেকে ২০১৩ সালের মধ্যে তোমাসেত্তি মহাভারতের ওপর ভিত্তি করে ২৩টি বৃহৎ চিত্রকর্ম সম্পন্ন করেন।

সামাজিক মাধ্যমের অন্য এক পোস্টে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভারতীয় নৃত্যকলার প্রতি পাঁচজন ইতালীয় শিল্পীর অনুরাগকে সাধুবাদ জানান। তিনি বলেন, ভারতীয় নৃত্যকলার প্রতি বিশ্বজুড়ে আগ্রহ দেখতে পাওয়া সত্যিই আনন্দের। শ্রী মোদি আরও উল্লেখ করেন, ইতালিতে ভারতীয় সঙ্গীতও ক্রমশ জনপ্রিয় হয়ে উঠছে। প্রধানমন্ত্রী জানান, গতকাল রোমে বসবাসকারী ভারতীয় সম্প্রদায় তাঁর জন্য যে অভ্যর্থনা অনুষ্ঠানের আয়োজন করেছিল সেখানে পাঁচজন ইতালীয় শিল্পী রাগ হংসধ্বনি পরিবেশন করেন।

*******************************

ভারত ও দক্ষিণ কোরিয়া আজ প্রতিরক্ষা ক্ষেত্রে সাইবার সহযোগিতা প্রসার সংক্রান্ত চুক্তি বিনিময় করেছে। সমাজমাধ্যমে এক বার্তায় এ-কথা জানিয়ে দক্ষিণ কোরিয়া সফররত প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেন, তিনি দু'দেশের বিশেষ কৌশলগত অংশীদারিত্বকে আরও শক্তিশালী করার জন্য উন্মুখ। তিনি আজ সোলে সে-দেশের প্রতিরক্ষা মন্ত্রী আন গিউ ব্যাকের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে আঞ্চলিক স্তরে শান্তি প্রতিষ্ঠা, স্থিতিশীলতা এবং

প্রযুক্তিগত সহযোগিতার প্রতি যৌথ অঙ্গীকারের পাশাপাশি ভারত-দক্ষিণ কোরিয়া কৌশলগত সহযোগিতা আরও নিবিড় করার উপায় নিয়ে আলোচনা করেন।

এর আগে, শ্রী সিং কোরিয়ার জাতীয় সমাধিক্ষেত্রে পুষ্পস্তবক অর্পণ করেন এবং দেশের সেবায় আত্মত্যাগকারী সাহসী সৈন্যদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

*****************************

পাঞ্জাব পুলিশ দুবাই-ভিত্তিক একটি আন্তর্জাতিক মাদক চোরাচালান চক্র ভেঙে দিয়েছে। চক্রটি আবুধাবি থেকে পাঞ্জাব এবং জাতীয় রাজধানী দিল্লিতে মাদক পাচার করত বলে খবর। অমৃতসর পুলিশ কমিশনারেট অভিযান চালিয়ে পুলিশ ১০ কেজি আইস মিথামফেটামাইন এবং ৪ কেজি হেরোইনসহ দুই মাদক চোরাচালানকারীকে গ্রেপ্তার করেছে। পুলিশ জানিয়েছেন, অভিযুক্তদের মধ্যে একজন সম্প্রতি দুবাই থেকে ফিরেছিল। তাকে পাঞ্জাবের বিভিন্ন জেলায় মাদক সরবরাহের জন্য হেরোইন এবং মিথামফেটামাইনের চালান পরিবহনের প্রশিক্ষণ ও দায়িত্ব দেওয়া হয়েছিল বলে অভিযোগ রয়েছে। পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধানে তদন্ত চালাচ্ছে পুলিশ।

*****************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ৩১ শে মে,  আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৪-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

*'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।*

*****************************

আজকের প্রসঙ্গে, কবি পক্ষে শুনবেন একটি আলোচনা - "বাংলা চলচ্চিত্রে রবীন্দ্রনাথ ও তাঁর গান।" চিত্র পরিচালক অশোক বিশ্বনাথনের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

******************************

ইরান সংঘাত নিয়ে ওয়াশিংটন এবং বেশ কয়েকটি ইউরোপীয় মিত্র দেশের মধ্যে ক্রমবর্ধমান উত্তেজনার মধ্যেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আগামী মাসে ফ্রান্সে হতে চলা জি-7 শিখর সম্মেলনে যোগ দেবেন। হোয়াইট হাউসের এক আধিকারিক জানিয়েছেন, দক্ষিণ-পূর্ব ফ্রান্সের এভিয়ান-লে-বেঁ শহরে ১৫ থেকে ১৭ জুন পর্যন্ত এই সম্মেলন চলবে। সম্মেলনে কৃত্রিম বুদ্ধিমত্তা, বাণিজ্য, গুরুত্বপূর্ণ খনিজ সম্পদ, অভিবাসন এবং আন্তর্জাতিক স্তরে নিরাপত্তাসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হবে। ইরানের প্রতি ভিন্ন দৃষ্টিভঙ্গির কারণে মার্কিন যুক্তরাষ্ট্র এবং ফ্রান্স, জার্মানি, ইতালি ও ব্রিটেন সহ প্রধান ইউরোপীয় অংশীদার রাষ্ট্রগুলির মধ্যে পারস্পরিক সম্পর্কের টানাপোড়েনের মধ্যে এই সম্মেলন অত্যন্ত তাৎপর্যপূর্ণ। এর আগে, পশ্চিম এশিয়ার উত্তেজনা পরিস্থিতিতে ওয়াশিংটনকে সমর্থন না করার জন্য ট্রাম্প বারবার ন্যাটো জোটের দেশগুলির সমালোচনা করেছেন।

******************************

চীনের প্রেসিডেন্ট শি জিনপিং এবং রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন আজ বেইজিংয়ে দু'দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক, ইউক্রেন সংঘাত, পশ্চিম এশিয়ার সংকট, আন্তর্জাতিক বাণিজ্যসহ একাধিক আন্তর্জাতিক বিষয় নিয়ে বার্তালাপ করেন। চীনের বিদেশ মন্ত্রক জানিয়েছে, দু'দেশের শীর্ষ নেতৃত্বের এই আলাপচারিতা বেইজিং ও মস্কোর মধ্যে কৌশলগত অংশীদারিত্বকে আরও গভীর করবে এবং রাষ্ট্রসংঘ, সাংহাই সহযোগিতা সংগঠন – এস সি ও ও ব্রিকসের মতো আন্তর্জাতিক ফোরামগুলোর মাধ্যমে পারস্পতিক সমন্বয় বাড়াবে। উভয় দেশ বাণিজ্য, জ্বালানি ও নিরাপত্তা ক্ষেত্রে ক্রমবর্ধমান সহযোগিতার ওপরও জোর দিয়েছে। দু'দেশের দ্বিপাক্ষিক বাণিজ্য ২০০ বিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়ে গেছে বলে আলোচনায় উঠে এসেছে।

উল্লেখ্য, রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন, দুদিনের চীন সফরে গত রাতে বেইজিং-এ পৌঁছন।

*****************************

নাইজেরিয়া ও মার্কিন যুক্তরাষ্ট্রের যৌথ বিমান হামলায় নাইজেরিয়ায় ইসলামিক স্টেটের ১৭৫ জন সন্ত্রাসবাদী নিহত হয়েছে। নাইজেরিয়ার সেনা মুখপাত্র সামাইলা উবা গতকাল এক বিবৃতিতে এই কথা তিনি বলেন, এই যৌথ হামলায় সন্ত্রাসবাদীদের চেকপোস্ট, অস্ত্রাগার, সামরিক সরঞ্জাম এবং সন্ত্রাসবাদী কার্যকলাপে ব্যবহৃত আর্থিক নেটওয়ার্কের সদর দফতর ধ্বংস করা হয়েছে।

এর আগে, গত সপ্তাহে মার্কিন ও নাইজেরীয় বাহিনীর এক যৌথ সামরিক অভিযানে ইসলামিক স্টেটের সিনিয়র কমান্ডার আবু-বিলাল আল-মিনুকি সহ বেশ কয়েকজন সন্ত্রাসবাদী নিহত হয়। গত কয়েক মাস ধরে নাইজেরিয়া এবং আমেরিকার মধ্যে সামরিক সহযোগিতা ক্রমাগত জোরদার করা হচ্ছে।

*****************************

কঙ্গোয় ইবোলা আক্রান্তে মৃতের সংখ্যা বেড়ে ১৩৬ হয়েছে। সেদেশের স্বাস্থ্যমন্ত্রী রজার কাম্বা জানিয়েছেন,কঙ্গোর পূর্ব অংশে এই রোগের প্রদুর্ভাব সব থেকে বেশি। স্বাস্থ্য কতৃপক্ষ জানিয়েছে,এ পর্যন্ত ৫৪৩ জনকে এই রোগে আক্রান্ত বলে চিহ্নিত করা হয়েছে তবে ৩২ জন সংক্রামিত হয়েছেন বলে নিশ্চিত করা হয়েছে। অপরদিকে প্রতিবেশি উগান্ডায় ইতিমধ্যেই ২জন ইবোলা আক্রান্তের খবর পাওয়া গেছে।
বিশ্ব স্বাস্থ্য সংস্থা(হু) ইবোলার প্রাদুর্ভাবকে আন্তর্জাতিক উদ্বেগের বলে সতর্ক করা হয়েছে। বুন্দিবুগিও ভাইরাসের কারনে কঙ্গোতে ২০০৭ এবং ২০১২ সালে ইবোলা ছড়িয়ে পড়ে। আক্রান্তদের ৩০ শতাংশের মৃত্যু হয়।

*****************************

চীনের বিভিন্ন অঞ্চলে প্রবল বৃষ্টিজনিত বন্যায় অন্তত ১২ জন নিহত। নিখোঁজ আরও অনেকে। সেদেশের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম জানিয়েছে হুনান, হুবেই এবং গুইঝাওপ্রদেশ সর্বপেক্ষা ক্ষতিগ্রস্ত। মধ্য চীনের হুনানপ্রদেশে সিমেন কাউন্টিতে ৫ জন নিহত, নিখোঁজ

১১ জন। ১৯ হাজারেরও বেশি বাসিন্দাকে নিরাপদে অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। পার্শ্ববর্তী হুবেইপ্রদেশে ৩ জন নিহত। আটকেপড়া বাসিন্দাদের উদ্ধার করতে রাবার বোট ব্যবহার করা হচ্ছে। দক্ষিণ-পশ্চিম চীনের গুইঝাওপ্রদেশে ৪ জন বন্যায় প্রাণ হারিয়েছেন। একাধিক জায়গায় যোগাযোগ বিচ্ছিন্ন। প্রায় ৪ হাজার মানুষকে নিরাপদ আশ্রয় কেন্দ্রে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে।

****************************

জাতীয় মাদক নিয়ন্ত্রক সংস্থা (নাডা)সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ডের অঙ্কিত এবং রেলওয়ের জয়েশ পাতিলকে তিন বছরের জন্য নিষিদ্ধ করেছে। তাদের শরীরে নিষিদ্ধ উপাদান Meldonium-এর উপস্থিতি পাওয়া যাওয়ার পর এই সিদ্ধান্ত। এর আগে, ৬৯ তম ন্যাশনাল ক্রস কান্ট্রি চ্যাম্পিয়নশিপে অঙ্কিত তৃতীয় স্থান এবং জয়েশ পঞ্চম স্থান অধিকার করেছিলেন। উভয় ক্রীড়াবিদই তাদের বিরুদ্ধে আনা অভিযোগ স্বীকার করে নেওয়ায় তাদের শাস্তির মেয়াদ এক বছর কমানো হয়েছে। চলতি বছরের ২৫শে ফেব্রুয়ারি থেকে অঙ্কিতের শাস্তি কার্যকর হয়েছে। জয়েশের জন্য ২৭শে ফেব্রুয়ারি থেকে কার্যকর হয়েছে।

****************************

ফুটবলে মহিলাদের সাফ্ চ্যাম্পিয়ানশিপ্-২০২৬-এর প্রাথমিক দল ঘোষণা করা হয়েছে। জাতীয় দলের প্রধান কোচ ক্রিসপিন ছেত্রী গতকাল ২৬ সদস্যের একটি দল ঘোষণা করে। কয়েকদিনের মধ্যেই ২৪ জনের চূড়ান্ত দল ঘোষণা করা হবে। গোয়ার মারগাঁ-এর পন্ডিত জওহরলাল নেহরু স্টেডিয়ামে চলতি মাসের ২৫ তারিখ থেকে ৬-ই জুন পর্যন্ত এই প্রতিযোগিতা চলবে। গ্রুপ বি-তে থাকা ভারত প্রথম দিনেই, মালদ্বীপের মুখোমুখি হবে। ৩১-শে মে ভারতের পরের ম্যাচ বাংলাদেশের বিরুদ্ধে।

অন্যদিকে, গ্রুপ-এ-তে নেপাল, শ্রীলঙ্কা ও ভূটান একে অপরের বিরুদ্ধে খেলবে। প্রতিটি গ্রুপ থেকে শীর্ষে থাকা দুটি দল সেমিফাইনালে উঠবে। প্রতিযোগিতার ফাইনাল ৬-ই জুন।

****************************

ইডেনে আজ IPL ক্রিকেটের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, মুম্বই ইন্ডিয়ান্স এর মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

১২ ম্যাচে ১১ পয়েন্ট সংগ্রহ করে KKR লিগ তালিকায় অষ্টম স্থানে রয়েছে। প্লে অফে যাওয়া নিশ্চিত করতে হলে কলকাতাকে বাকি দুটো ম্যাচ জিততে হবেই, পাশাপাশি তাকিয়ে থাকতে হবে অন্য ম্যাচের ফলাফলের উপর।

*****************************************************************